বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
(সংস্থাপন বিভাগ)
www.badc.gov.bd

স্মারক নম্বর: ১২.০৬.০০০০.২০৩.০১.০৬০.১৫. ২৮৪৭

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩২ / ০৩ জুলাই ২০২৫

বিষয়: বিএডিসি'র প্রশাসন উইং এর অডিট পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিএডিসি'র প্রশাসন উইং এর অডিট পর্যালোচনা সভা বিগত ২৪ জুন ২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০২. সভার কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ০৭ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে সংস্থাপন বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩. সভার কার্যবিবরণী বিএডিসি'র ওয়েবসাইট থেকে ডাউনলোড ও প্রিন্ট করা যাবে।

সংযুক্তি: বর্ণনামতে

০৬/০৭/২৫

(মো. শাহিন মিয়া)
উপপরিচালক-১
বিএডিসি, ঢাকা।
ফোন: ২২৩৩৮৫৭১১
ই-মেইল: dd1est.badc@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. মহাব্যবস্থাপক (তদন্ত/ক্রয়), বিএডিসি, ঢাকা।
২. প্রধান (মনিটরিং/পরিকল্পনা), বিএডিসি, ঢাকা।
৩. নিয়ন্ত্রক, অডিট বিভাগ, বিএডিসি, ঢাকা।
৪. যুগ্মপরিচালক (সংস্থাপন/নিয়োগ ও কল্যাণ/সংগঠন ও ব্যবস্থাপনা/ সাধারণ পরিচর্যা/), বিএডিসি, ঢাকা।
৫. জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৬. উপপরিচালক (সংস্থাপন/সমন্বয়/আইন), বিএডিসি, ঢাকা।
৭. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৮. সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৯. অফিস কপি/মাস্টার ফাইল কপি।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
(সংস্থাপন বিভাগ)
www.badc.gov.bd

**বিএডিসির প্রশাসন উইং এর অডিট আপত্তি পর্যালোচনার নিমিত্ত ২৪ জুন ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মেরিনা সারমীন, সচিব (প্রতিকল্প), বিএডিসি, ঢাকা।
তারিখ ও সময় : ২৪ জুন ২০২৫; বেলা ০২: ৩০ মিনিটে।
স্থান : সচিব, বিএডিসি এর অফিস কক্ষ, কৃষি ভবন, বিএডিসি, ঢাকা।
উপস্থিতি : পরিশিষ্ট-ক।

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মপরিচালক (সংস্থাপন) জনাব মো: জুলফিকার আলী সভার কার্যপত্র ধারাবাহিকভাবে উপস্থাপন করেন। বিএডিসির প্রশাসন উইং এর অডিট আপত্তি পর্যালোচনা বিষয়ক বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের নিমিত্ত উপস্থাপন করা হয়। উপস্থাপিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর যুগ্মপরিচালক (সংস্থাপন) অডিট সভার কার্যপত্র ধারাবাহিকভাবে উপস্থাপন করেন:

| ক্র. নং | বিভাগের নাম | অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|---|
| ১ | মনিটরিং বিভাগ | Non SFI<br>অনিষ্পন্ন-০১<br>SFI -০০<br>সংকলনভুক্ত-০০ | ক) মনিটরিং বিভাগ হতে সভায় জানানো হয় যে, অডিট আপত্তিটি পর্যালোচনাপূর্বক দায়-দায়িত্ব নির্ধারণের জন্য সংস্থাপন বিভাগ, বিএডিসি কর্তৃক ৩(তিন) সদস্য বিশিষ্ট গঠিত কমিটির মতামত অনুযায়ী মেরামতকালীন গৃহিত জ্বালানী বাবদ ৪,৪০৬/- টাকা এবং অধিকাল বাবদ গৃহিত অতিরিক্ত ২,৬৯২/- টাকা সংস্থার কোষাগারে জমা প্রদান করা হয়েছে এবং সে মোতাবেক আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। | ক) মনিটরিং বিভাগ ও অডিট বিভাগ কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর এর সাথে যোগাযোগ করে নিষ্পত্তির ব্যবস্থা করে জারীপত্র সংগ্রহ করতে হবে। | মনিটরিং বিভাগ ও অডিট বিভাগ। |
| ২ | ক্রয় বিভাগ | Non SFI<br>অনিষ্পন্ন-০৩<br>SFI<br>অনিষ্পন্ন-৬৪<br>সংকলনভুক্ত<br>অনিষ্পন্ন-১০ | ক) ক্রয় বিভাগ হতে সভায় জানানো হয় যে, ৩টি Non SFI এবং ৬৪টি SFI ব্রডসীট জবাব প্রস্তুত করা হচ্ছে। জবাব প্রস্তুত হলে অডিট বিভাগ প্রেরণ করা হবে।<br>খ) ক্রয় বিভাগের সংকলনভুক্ত অমীমাংসিত ১০ টি আপত্তির মধ্যে ০৪টির বিষয়ে মাননীয় হাইকোর্টে মামলা বিচারাধীন রয়েছে। অবশিষ্ট ০৬টি আপত্তির জবাব দ্রুতই চেয়ারম্যান, বিএডিসি মহোদয়ের অনুমোদন নিয়ে অডিট বিভাগে প্রেরণ করা হবে।<br>মামালাধীন ০৪ টি আপত্তির বিষয়ে উপপরিচালক (আইন) সভায় জানান যে, ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স ইউনুস আলী এন্ড সন্স লিঃ এর বিরুদ্ধে জজ কোর্টে চলমান সি আর কেস নম্বরঃ ১০৭-১০৮/২০১৩ মামলায় বিজ্ঞ আদালতের নির্দেশনা মোতাবেক মতিঝিল থানা কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে।<br><br>ইঞ্জিনিয়ার মোঃ ইউনুস আলীর ঠিকানা না থাকায় তদন্ত কার্যক্রম সম্পন্ন হলো না মর্মে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। সঠিক ঠিকানা পাওয়া না গেলে মামলা দুইটি খারিজ হওয়ার সম্ভাবনা রয়েছে। মামলাটি ক্রয় বিভাগ সংশ্লিষ্ট বিধায় বিবাদী ইঞ্জিনিয়ার মোঃ ইউনুস আলী এর বর্তমান ঠিকানা সংগ্রহপূর্বক আইন বিভাগকে অবহিত করার জন্য বিগত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। ক্রয় বিভাগ সভায় অবহিত করে যে, ক্রয় বিভাগ থেকে এ সংক্রান্ত নথি খুঁজে না পাওয়ায় উক্ত ঠিকানা সংগ্রহ করা সম্ভব হচ্ছে না, তবে অনুসন্ধান কার্যক্রম চলমান রয়েছে। | ক) জারিপত্র পাওয়ার বিষয়ে অডিট বিভাগকে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। ক্রয় বিভাগ কর্তৃক অন্যান্য অগ্রিম আপত্তির জবাব/পুন:জবাব/কার্যপত্র অডিট বিভাগে প্রেরণ করতে হবে এবং আপত্তি নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>খ) ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স ইউনুস আলী এন্ড সন্স লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক বিবাদী ইঞ্জিনিয়ার মোঃ ইউনুস আলী এর বর্তমান ঠিকানা ১(এক) মাসের মধ্যে সংগ্রহ করতে হবে। অন্যথায় উক্ত মামলা নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হবে। | ক্রয় বিভাগ, আইন বিভাগ ও অডিট বিভাগ |

| ক্র. নং | বিভাগের নাম | অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | মাননীয় হাইকোর্ট ডিভিশনে বিচারাধীন মামলার বিষয়ে উপপরিচালক (আইন) সভায় জানান যে, মামলা পরিচালনাকারী আইনজীবীকে এ বিষয়ে অবহিত করা হয়েছে। দ্রুতই শুনানীর জন্য মামলা দুইটি কজলিস্টভুক্ত করণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br>আরবিট্রেশন মামলার বিষয়ে তিনি জানান যে, আরবিট্রেশন মামলায় সংস্থার বিপক্ষে রায় প্রদান করা হয়েছে। উক্ত রায়ের বিরুদ্ধে বিএডিসি কর্তৃক আপীল দায়ের করা হয়েছে মর্মে আইনজীবী জানিয়েছেন (আরবিট্রেশন আপীল মামলা নম্বর-০১/২০২২;তারিখঃ ০৭/০৪/২০২২)। | | |
| ৩ | সাধারণ পরিচর্যা বিভাগ | Non SFI অনিষ্পন্ন-১৩<br>SFI অনিষ্পন্ন-১৭<br>সংকলনভুক্ত- অনিষ্পন্ন-০২ | ক) সাধারণ পরিচর্যা বিভাগের Non SFI ১৩টি অনিষ্পন্ন আপত্তি হতে বিগত ২০১৯-২০ অর্থ বছরের ০২টি অডিট আপত্তির জবাব ইতোমধ্যে দুইদফায় কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। কিন্তু কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর কর্তৃক প্রেরিত জবাব সন্তোষজনক নয় মর্মে মন্তব্য প্রদান করা হয়েছে। এর প্রেক্ষিতে সংস্থার অডিট বিভাগের পরামর্শ মোতাবেক উক্ত অডিট আপত্তি দুইটির পুনঃজবাব কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে<br>খ) সাধারণ পরিচর্যা বিভাগের বিগত ২০১৬-১৭ অর্থ বছরের SFI আপত্তি নং-১.১৩ এর উপর বিগত ৩০/১২/২০২০ তারিখে একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। পরবর্তীতে দীর্ঘদিন পর কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর কর্তৃক স্মারক নং-৮২.১৮.০০০০.০০২.৪৭.০৯৯.২১-৩৫৭, তারিখঃ ২৪/০৩/২০২২ এর মাধ্যমে জবাব, প্রমাণক ও ত্রিপক্ষীয় সভার সুপারিশের প্রেক্ষিতে উক্ত আপত্তিটি নিষ্পত্তি করা হয়েছে।<br>গ) সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় আরও জানানো হয় যে, তাদের মোট ০২ টি সংকলনভুক্ত আপত্তি রয়েছে। সাধারণ পরিচর্যা বিভাগের আওতাধীন ১৯৮৭-৮৮ অর্থ বছরে সংকলনভুক্ত আপত্তি নং- ৯৯ এর অবলোপনের প্রস্তাব সংস্থার অডিট বিভাগে প্রেরণ করা হলে অডিট বিভাগ হতে আবলোপনের জন্য অনুরোধকৃত অর্থ আদায়ের বিষয়ে ইতো:পূর্বে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তার তথ্যাদি প্রদানের জন্য মৌখিকভাবে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু বিষয়টি দীর্ঘদিনের পুরাতন বিধায় বর্ণিত অর্থ আদায় সংক্রান্ত কোন তথ্য অদ্যাবধি পাওয়া যায়নি। ডকুমেন্ট পাওয়া গেলে অডিট আপত্তি অবলোপন সংক্রান্ত কমিটির নিকট উপস্থাপন করা হবে। পরবর্তী উক্ত কমিটির সুপারিশক্রমে তা সংস্থার পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপনের কার্যক্রম গ্রহণ করতে হবে। | ক) অডিট বিভাগ থেকে LAR সংগ্রহ করে জুলাই ২০২৫ মাসের মধ্যে নতুনভাবে জবাব প্রস্তুতপূর্বক অডিট বিভাগে প্রেরণ করতে হবে।<br><br>খ) যেসব অডিট আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে সেসব অডিট আপত্তির জারিপত্র প্রাপ্তির ব্যবস্থা করতে হবে। | সাধারণ পরিচর্যা বিভাগ ও অডিট বিভাগ |

| ক্র. নং | বিভাগের নাম | অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|---|
| ৪ | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ | Non SFI<br>অনিষ্পন্ন-০১<br>SFI<br>অনিষ্পন্ন-০৩<br>সংকলনভুক্ত-০ | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে সভায় জানানো হয় যে, ০১ টি Non SFI আপত্তির পুন:জবাব অডিট বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>অনিষ্পন্ন-০৩ টি SFI আপত্তির জবাব/পুন:জবাব অডিট বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়াও, সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী বিগত ৩০.১২.২০২১ তারিখে অনুষ্ঠিত **ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির সুপারিশকৃত অগ্রিম আপত্তি অনুচ্ছেদ-১৩ এর বিষয়ে কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর থেকে নিম্নরূপ মন্তব্য প্রদান করা হয়:**<br>"The Service (Re-organization and Conditions) Act 1975 (Act No. XXXII of 1975) section-5 **এর নির্দেশনা মোতাবেক উচ্চতর স্কেল প্রবর্তন/রহিত করার ক্ষেত্রে একমাত্র ক্ষমতাবান রাষ্ট্রপতি। সুতারাং বিএডিসির পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক ড্রাইভারদের উচ্চতর স্কেলে বেতন নির্ধারণ করা সঠিক হয়নি। আপত্তিকৃত টাকা আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করে নিরীক্ষা অফিসকে জানানোর জন্য অনুরোধ করা হলো।"** | ক) অনিষ্পন্ন Non SFI আপত্তি নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভা আয়োজনের বিষয়ে অডিট বিভাগকে সভা আয়োজনের জন্য কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ বৃদ্ধি করতে হবে। অডিট বিভাগ থেকে LAR সংগ্রহ করতে হবে।<br><br>খ) অনিষ্পন্ন SFI আপত্তি নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। অডিট বিভাগ হতে আপত্তিসমূহের LAR সংগ্রহ করতে হবে। সুবিধাভোগী সকল ড্রাইভারের তালিকা সংগ্রহ করে সংশ্লিষ্ট সকলকে পত্র প্রেরণ করতে হবে। জবাব পাওয়া না গেলে অবলোপনের প্রস্তাব দিতে হবে। | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ/অডিট বিভাগ |
| ৫ | নিয়োগ ও কল্যাণ বিভাগ | Non SFI<br>অনিষ্পন্ন-০১<br>SFI<br>অনিষ্পন্ন-০৪<br>সংকলনভুক্ত-০১ | নিয়োগ ও কল্যাণ বিভাগ হতে সভায় জানানো হয় যে, তাঁদের অনিষ্পন্ন আপত্তির মধ্যে ০১ টি Non SFI, ০৪ টি SFI ও ১টি সংকলনভুক্ত আপত্তিসহ মোট ০৬ টি আপত্তি রয়েছে। Non SFI আপত্তি সংশ্লিষ্ট কর্মকর্তা কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তরের মহাপরিচালক এর সাথে দেখা করে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। SFI আপত্তিসমূহের সহিত জড়িত টাকা সেন্ট্রাল ফান্ডে জমা দেয়া হয়েছে এবং কোর্টের প্রমাণকসহ জবাব দেয়া হয়েছে। সংকলনভুক্ত আপত্তির বিষয়ে জানানো হয় যে, ৪,২২,৪০৭/- টাকার মধ্যে ক্ষুদ্রসেচ উইংয়ের ২৭ জন কর্মকর্তার মধ্যে ১৯ জন কর্মকর্তা হতে ৩,৩৮,০১৬/- টাকা আদায় করা হয়েছে। অনাদায়ী ৮৪,৩৯১/- টাকা আদায়ের জন্য সংশ্লিষ্ট ১২জনকে পত্র দেয়া হয়েছে। তবে কোন তথ্য পাওয়া যায়নি। | কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করে আপত্তিসমূহ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করে জারীপত্র সংগ্রহ করতে হবে। | নিয়োগ ও কল্যাণ বিভাগ/অডিট বিভাগ |
| ৬ | তদন্ত বিভাগ | Non SFI-০০<br>SFI -০০<br>সংকলনভুক্ত অনিষ্পন্ন-০১ | তদন্ত বিভাগ জানায় যে, দি ওরিয়েন্টাল ব্যাংক বর্তমানে আইসিবি ইসলামিক ব্যাংক থেকে প্রাপ্য ২,১১,২০,০০০/- টাকা মোট ২১ টি কিস্তির মাধ্যমে ডিসেম্বর ২০১৮ এর মধ্যে পরিশোধ করার কথা থাকলেও ডিসেম্বর ২০১৬ পর্যন্ত ১৭ টি কিস্তির মাধ্যমে ১,৩৯,৮১,০০০/- পরিশোধ করা হয়। বাকি ৭১,৩৯,০০০/- টাকা কিস্তিতে পরিশোধ করার সময় ডিসেম্বর ২০১৮ থাকলেও তা করা হয়নি। কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক পাওনা আদায়ের লক্ষ্যে বিএডিসি কর্তৃক কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। অর্থ মন্ত্রণালয় থেকে তা বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে, তদন্ত বিভাগ সভায় জানিয়েছে যে, গত ২৬ জুন ২০২৪ তারিখে ওরিয়েন্টাল ব্যাংক কর্তৃক বিএডিসিকে ০১ (এক) লক্ষ টাকা পরিশোধ করা হয়েছে। এ পর্যন্ত অবশিষ্ট টাকার ০৪ (চার) লক্ষ টাকা আদায় করা হয়েছে যা সংস্থার ব্যাংক হিসাবে জমা প্রদান করা হয়েছে।<br>অবশিষ্ট পাওনা আদায়ের লক্ষ্যে সংশ্লিষ্ট পক্ষসমূহের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | ক) বিএডিসির অবশিষ্ট পাওনা আদায়ের লক্ষ্যে তদন্ত বিভাগের ব্যবস্থাপক, উপব্যবস্থাপক এবং সহকারী প্রশাসনিক কর্মকর্তা প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।<br>খ) বাংলাদেশ ব্যাংক এর মাধ্যমে আইসিবি ইসলামিক ব্যাংকে পত্র প্রেরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | তদন্ত বিভাগ/ স্বেচ্ছাবসর সেল |

| ক্র. নং | বিভাগের নাম | অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|---|
| ৭ | সংস্থাপন বিভাগ | Non SFI<br>অনিষ্পন্ন-০২<br>SFI<br>অনিষ্পন্ন-০৪<br>সংকলনভুক্ত-০০ | সংস্থাপন বিভাগ হতে সভায় জানানো হয় যে, সকল আপত্তির জবাব অডিট বিভাগে প্রেরণ করা হয়েছে। Non SFI অনুচ্ছেদ-২৯ আপত্তির প্রতিক নং৩৬৭; তারিখ: ১৪/১০/১৫ মোতাবেক সংস্থাপন বিভাগের অংশ ৩৪,০০০/- টাকার সম্মানী বিলের বর্ণিত সদস্যগণ বোর্ডের সদস্য নন বিধায় তাদের (কমিটির সদস্যগণের) বিল হতে ভ্যাট কর্তনযোগ্য নয়। Non SFI অনুচ্ছেদ-৩২ ১০) আপত্তি আভ্যন্তরিণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দূর্বলতাসমূহের বিষয়ে জানানো হয় যে, সংস্থার যে সকল কর্মকর্তা/কর্মচারদের বিরুদ্ধে অডিট আপত্তি রয়েছে তাদের আনুষঙ্গিক ও অন্যান্য সুবিধা প্রদান বন্ধ করা হয়েছে। SFI অনুচ্ছেদ-১৭ চাকুরী ইস্তফা প্রদানকরী সহকারী হিসাব পরীক্ষক মি: স্বপন কুমার সাহার নিকট পাওনা অনাদায় ৭১,৮৫৭/- টাকা। আপত্তিটি দীর্ঘ দিনের পুরাতন ও জড়িত ব্যক্তির ঠিকানা না পাওয়ায় পত্র দেয়া সম্ভব হচ্ছে না। SFI অনুচ্ছেদ-২ একই বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত পদে কর্মকর্তাদের অনিয়মিতভাবে একটি ইনক্রিমেন্ট প্রদান করায় সংস্থার ৩০,৭৯,৬০১/- টাকা আপত্তিতে জড়িত ব্যক্তিগণের তালিকা পাওয়া যায়নি। এখানে উল্লেখ করা যাচ্ছে যে, বিধি মোতাবেক কর্মকর্তা-কর্মচারিগণের ব্যক্তিগত নথি হিসাব বিভাগ ও অডিট বিভাগ কর্তৃক যাচাই-বাছাই করার পর কারো অডিট আপত্তি থাকলে উক্ত অডিট আপত্তিতে জড়িত টাকা কর্তন করে আনুতোষিক প্রদান করা হয়। SFI অনুচ্ছেদ-৫ নোয়াখালী এগ্রো সার্ভিস সেন্টারে কর্মরত থাকাকালীন জনাব মওদুদ হাসান, উপপরিচালক (অবসরপ্রাপ্ত) কর্তৃক সংস্থার বিভিন্ন খাতে আত্মসাতজনিত ক্ষতি ৯,৮৫,৮৯৫.০০/- টাকা। অডিট আপত্তি বাবদ ৯,৮৫,৮৯৫/- টাকাসহ বিভিন্ন খাতে সংস্থার মোট পাওনা ছিল ১০,৩০,৩০৮/- টাকা। সংস্থার নিকট আনুতোষিক ও ছুটি নগদীকরণ বাবদ ৮,৭৯,৮৪০/- সমন্বয়ের পর (১০,৩০,৩০৮-৮,৭৯,৮৪০)=১,৫০,৪৬৮/- টাকা তার নিকট অবশিষ্ট পাওনা আছে। উক্ত টাকা পরিশোধ করার জন্য বার বার পত্র দেয়ার পরও তিনি এ বিষয়ে কোন জবাব প্রদান করেননি। SFI অনুচ্ছেদ-১৯ দেশের বাহিরে চাকুরীতে কর্মরত থাকাকালীন সময়ের লীভ স্যালারী ও পেনশন কন্ট্রিবিউশন সংস্থার তহবিলে জমা না দেওয়ায় ৯৩,২০৬/- টাকা ক্ষতি। বিএডিসিতে চাকুরীরত কর্মকর্তা-কর্মচারিদের ক্ষেত্রে পেনশন প্রথা প্রবর্তন হয়নি। অডিট আপত্তিতে উল্লেখিত কৃষি মন্ত্রনালয়ের স্মারক নং-৫২৯ তারিখ ০১/০৯/১৯৯৯ এর(আই)অনুচ্ছেদ বর্ণিত পেনশন কন্ট্রিবিউশনও লীভ স্যালারী জমা দেওয়া বিষয়টি উক্ত কর্মকর্তা/কর্মচারিদের ক্ষেত্রে প্রযোজ্য নয়। বিএডিসি'র নিয়ম অনুয়ায়ী লিয়েনে শর্ত পালন না করলে লিয়েনকালীন সময়েয় গ্র্যাচুইটি সুবিধা পাওনার সঙ্গে সম্পর্কিত। সুতারাং অডিট আপত্তিতে বর্ণিত ৯৩,২০৬/- টাকা সংস্থার কোন আর্থিক ক্ষতি হয়নি। | ক) Non SFI অনুচ্ছেদ-২৯ আপত্তির সম্মানী ভাতার ১০% আয়কর ৩,৪০০/- টাকা জমা প্রদানপূর্বক আপত্তির জবাব/পুন:জবাব/কার্যপত্র অডিট বিভাগে প্রেরণ করতে হবে।<br>খ) SFI অনুচ্ছেদ-১৭ চাকুরী ইস্তফা প্রদানকরী সহকারী হিসাব পরীক্ষক মি: স্বপন কুমার সাহার নিকট পাওনা অনাদায় ৭১,৮৫৭/- টাকার বিষয়ে অডিট বিভাগের যোগাযোগ অবলোপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>গ) SFI অনুচ্ছেদ-২ একই বেতন স্কেলে পদোন্নতিপ্রাপ্ত পদে কর্মকর্তাদের অনিয়মিতভাবে একটি ইনক্রিমেন্ট প্রদান করায় সংস্থার ৩০,৭৯,৬০১/- টাকা আপত্তিতে জড়িত ব্যক্তিগণের তালিকা অডিট বিভাগ হতে সংগ্রহণ করতে হবে।<br>ঘ) অন্যান্য অডিট আপত্তিসমূহের বিষয়ে অডিট বিভাগের যোগাযোগ করে অবলোপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংস্থাপন বিভাগ/অডিট বিভাগ |

| ক্র. নং | বিভাগের নাম | অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|---|
| ৮ | প্রশাসন উইং এর অডিট সভা প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর আয়োজন | | যুগ্মপরিচালক (সংস্থাপন) সভায় প্রশাসন উইং এর অডিট সভা ০৩ (তিন) মাস অন্তর অন্তর আয়োজনের প্রস্তাব করলে সভাপতিসহ সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধান তাতে সম্মতি জ্ঞাপন করেন। | প্রশাসন উইং এর অডিট সভা প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর আয়োজন করতে হবে। | সংস্থাপন বিভাগ, বিএডিসি। |
| ৯ | ব্রডশিট জবাব প্রেরণ সংক্রান্ত | | অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে জবাব প্রেরণের বিষয়ে যুগ্মনিয়ন্ত্রক (অডিট) সভাকে অবহিত করেন যে, ২০১৯-২০২০ নিরীক্ষা বছর থেকে বর্তমান পর্যন্ত Non SFI আপত্তির ক্ষেত্রে ০২ কপি ব্রডশিট জবাব ও SFI আপত্তির ক্ষেত্রে ০৩ কপি ব্রডশিট জবাব প্রেরণ করতে হয়। ২০১৯-২০২০ নিরীক্ষা বছরের পূর্বের অডিট আপত্তির ০৩ কপি করে কার্যপত্র প্রেরণ করতে হয়। | ২০১৯-২০২০ নিরীক্ষা বছর থেকে বর্তমান পর্যন্ত Non SFI আপত্তির ক্ষেত্রে ০২ কপি ব্রডশিট জবাব ও SFI আপত্তির ক্ষেত্রে ০৩ কপি ব্রডশিট জবাব প্রেরণ করতে হবে। ২০১৯-২০২০ নিরীক্ষা বছরের পূর্বের অডিট আপত্তির ০৩ কপি কার্যপত্র প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল বিভাগ |
| ১০ | নির্ধারিত ছক মোতাবেক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ | | যুগ্মপরিচালক (সংস্থাপন) এর প্রস্তাবের আলোকে সভাপতি নির্ধারিত ছক মোতাবেক অডিট আপত্তির বিবরণ ও আপত্তিতে জড়িত টাকার পরিমাণ, সর্বশেষ অবস্থাসহ অগ্রগতি প্রতিবেদন প্রেরণের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | **নিম্নবর্ণিত ছক-ক** মোতাবেক অডিট আপত্তির বিবরণ ও আপত্তিতে জড়িত টাকার পরিমাণ, সর্বশেষ অবস্থাসহ অগ্রগতি প্রতিবেদন **নির্ধারিত সময়ের মধ্যে আবশ্যিকভাবে** সংস্থাপন বিভাগে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল বিভাগ |

ছক-ক

| ক্র: নং | আপত্তির বছর | অনুচ্ছেদ নম্বর | আপত্তির ধরণ | আপত্তির সংক্ষিপ্ত বিবরণ | আপত্তিতে জড়িত টাকার পরিমাণ | সর্বশেষ অবস্থা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |

প্রশাসন উইং এর অডিট আপত্তি সংক্রান্ত তথ্য: (হালনাগাদ: ২৪/০৬/২০২৫)

| ক্র. নং | আপত্তির ধরণ | অনিষ্পন্ন |
|---|---|---|
| ০১. | Non SFI | ২১ |
| ০২. | SFI | ৯২ |
| ০৩. | সংকলনভুক্ত | ১৪ |
| | সর্বমোট | **১২৭** |

০২. সভাপতি প্রশাসন উইং অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে সন্তোষ প্রকাশ করে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং আরও বেশি সংখ্যক অডিট আপত্তি নিষ্পত্তির জন্য প্রচেষ্টা অব্যাহত রাখতে অনুরোধ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মেরিনা সারমীন)
সচিব (প্রতিকল্প)
বিএডিসি, ঢাকা।